লাদাখে সত্যিই পিছিয়েছে চীনা সেনা? ১০ দিনে খতিয়ে দেখবে ভারত

লাদাখে সত্যিই কতটা পিছিয়ে গেল চীনা সেনা? আগামী ১০ দিন ধরে তা খতিয়ে দেখবে ভারত। চীনের তৈরি বাঙ্কার, তাঁবু ও অন্যান্য নির্মাণ কতটা চীনা বাহিনী সরিয়ে নিয়েছে, তা খতিয়ে দেখ ভারতীয় সেনা।

চীন ও ভারতের মধ্যে পরবর্তী সেনা কমান্ডার স্তরের বৈঠকের আগে এই বিষয়টি পর্যালোচনা করে দেখতে ভারত।

জুলাই মাসের শুরু থেকেই লাদাখের প্যাংগং লেকের ধার থেকে পিছাতে শুরু করেছে চীন। এই পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’

এর পরেই ভারতীয় সেনার ১৪ কর্পস কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল হরিন্দর সিং এবং চীনের সাউথ জিনজিয়াং মিলিটারি ডিস্ট্রিক্ট চিফ মেজর জেনারেন লিউ লিনের মধ্যে পঞ্চম দফার বৈঠক হবে। এই বৈঠকের পরই চীনের পুরোপুরি পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

ভারতীয় সেনা বাহিনীর এক বিশেষ সূত্রে জানানো হয়েছে, ‘পিপলস লিবারেশন আর্মি গত ১৪ জুলাই চতুর্থ দফার বৈঠকের পরেই প্যাংগং এবং গোগরা-হট স্প্রিং এলাকা থেকে পিছিয়ে যাওয়ার বিষয়ে ইচ্ছে প্রকাশ করে। তবে রাজনৈতিক-সেনা হায়ারার্কি এর সঙ্গে জড়িত। তাই কাজে কতটা ফলপ্রসু হয় সেদিকেই এখন আমাদের নজর রয়েছে।’

বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’ ১৪ জুলাই দুই দেশের বৈঠকের ফল কী হল, তা নিয়ে কাটাছেঁড়া করতে উচ্চ ক্ষমতাসম্পন্ন চায়না স্টাডি গ্র◌ুপ আলোচনায় বসে। এই গ্র◌ুপে আছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা

অজিত দোভাল, পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং সেনা প্রধান জেনারেল এমএম নারাভানে। এই গ্র◌ুপের আলোচনার পরেই এই বিবৃতি প্রকাশ করা হয়।

ভারত চায় চীনা সেনা যেন অন্তত আট কিলোমিটার পিছিয়ে যায়। ফিংগার ৮ পর্যন্ত যাতে চীন পিছিয়ে যায় তেমনই চেষ্টা করছে ভারত। ভারতীয় সেনাও পশ্চিম দিকে ফিংগার ২ এবং ফিংগার ৩ পর্যন্ত পিছিয়ে গিয়েছে। ভারতীয় সেনাকে পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩-র দিকে যেতে যে ভাবে চীনা সেনা বারবার বাধা দিচ্ছে, সেটাও ভারতের পক্ষে চিন্তার বিষয়। এই পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩ ডেপসাং প্লেইন নামে পরিচিত। গালওয়ানের উত্তরে এই এলাকা টেবিলের মাথার মতো দেখতে। ভারত চায় ডেপসাং এলাকায় দুই দেশের সেনা একে অন্যের পেট্রোলিং-এ বাধা দেবে না।

সূত্র: এইসময়।

অপোর নতুন প্রযুক্তি, ২০ মিনিটেই ফুল চার্জ হবে স্মার্টফোন!

১২৫ ওয়াটের ফাস্ট চার্জিং প্রযুক্তির মোবাইল ফোন চার্জার বাজারে আনার ঘোষণা দিয়েছে চীনা স্মার্টফোন প্রস্তুতকারক প্রতিষ্ঠান অপো ইলেকট্রনিক্স। নতুন এই প্রযুক্তিতে চার হাজার মিলিঅ্যাম্পিয়ার ব্যাটারি চার্জ হতে সময় নেবে মাত্র ২০ মিনিট। এছাড়া ৪১ শতাংশ চার্জ হবে মাত্র ৫ মিনিটে।

অপো দীর্ঘদিন ধরে ফাস্ট চার্জিং ইঞ্জিনিয়ারিং সলিউশনগুলোর শীর্ষস্থানীয় ছিল। এটি ওয়ানপ্লাস ফোনে ব্যবহৃত ড্যাশ চার্জার সিস্টেমের প্রযুক্তিটির আরো বিকাশ ঘটিয়ে নতুন এই ১২৫ ওয়াট ফাস্ট চার্জিং প্রযুক্তি তৈরি করেছে। অপো দাবি করেছে মোবাইল চার্জিং শিল্পের ক্ষেত্রে এটাই সর্বাধিক উন্নত প্রযুক্তি।

এর আগে টুইটারে নিজেদের ভেরিভাইড অ্যাকাউন্টে এক টিজার ভিডিওতে অপো জানিয়েছিল, ১৫ জুলাই ১২৫ ওয়াটের ফাস্ট চার্জিং প্রযুক্তির ঘোষণা দেবে তারা। তবে এ সুবিধা পেতে ইউএসবি ক্যাবল ব্যবহার করতে হবে। ওয়্যারলেসলি এই প্রযুক্তি কাজ করবে না।

অপো মূলত ক্যামেরা ও ফার্স্ট চার্জের ওপর বেশ গুরুত্ব দেয়। অন্যান্য স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে তারা টেক্কা দিচ্ছে এভাবেই।

তারাই প্রথম ৩০ ওয়াটের ফাস্ট চার্জি প্রযুক্তি সম্বলিত ফোন বাজারে আনে। পরবর্তীতে অপো ফাইন্ড এক্স ফোনে প্রথমবারের মতো ৫০ ওয়াটের ফাস্ট চার্জিং সাপোর্ট যুক্ত করে তারা। সর্বশেষ অপো ফাইন্ড এক্স২ ফোনে যুক্ত করে ৬৫ ওয়াটের ফাস্ট চার্জিং সাপোর্ট। ৬৫ ওয়াটের ফাস্ট চার্জিং সাপোর্টের ফলে ৪০০০ এমএএইচ ব্যাটারির একটি ফোন চার্জ হতে সময় নেয় ৩৫ মিনিট।

সর্বশেষ অপো এই ১২৫ ওয়াট প্রযুক্তির ফাস্ট চার্জিং প্রযুক্তি বাজারে আনলো। তবে অপো এখনো কোন নির্দিষ্ট ফোনের মডেলের সঙ্গে এই চার্জিং সিস্টেম ব্যবহার করার ঘোষণা দেয়নি।

সূত্র: দ্য ভার্জ।

বর্ষাকালে ডেঙ্গু প্রতিরোধে করণীয়

বর্ষাকাল এলেই বাড়ে ডেঙ্গুর উপদ্রব। তাই বছরের অন্য সময়ে চেয়ে এ সময়ে একটু বেশি সতর্ক থাকতে হবে।

এডিস মশার কামড়ে ডেঙ্গুজ্বর হয়ে থাকে। বৃষ্টিপাত, জলাবদ্ধতা ও বাতাসে অত্যধিক আর্দ্রতা এ মশার বংশ বিস্তারে সহায়ক।

পরিত্যক্ত প্লাস্টিক দ্রব্যাদি, গাড়ির চাকার টায়ার, বাড়ির পানি সংগ্রহের ট্যাংক, ফুলের টব ও ফুলদানিতে জমে থাকা পানিতে এ মশা বংশ বিস্তার করে। এদের ডিম ফোটার জন্য পানির প্রয়োজন হয় বলে

শুকনো মৌসুমে এ মশা কমে যায়। তাই বাড়ি ও তার চারপাশ পরিষ্কার রাখতে হবে।

এ বিষয়ে মেডিসিন ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ কনসালট্যান্ট ডা. ফাহিম আহমেদ রুপম (সিটি স্কিন সেন্টার, শান্তিনগর, ঢাকা) বলেন, এ সময় জ্বর হলেই ডেঙ্গু হয়েছে এমন নয়। মাথাব্যথা, চোখের কোঠরে ব্যথা, মাংসপেশি ও শিরায় ব্যথা এবং শরীরের বিভিন্ন স্থানে লাল দানা বা র্যা শ ওঠা ডেঙ্গুর উপসর্গ।

তিনি বলেন, এই জ্বর সাধারণত ২-৫ দিন স্থায়ী হয়। জ্বর সেরে যাওয়ার পর ২-৩ দিনকে ক্রিটিক্যাল পিরিয়ড বলে। কারণ এ সময় রোগীর অভ্যন্তরীণ রক্তক্ষরণ হতে পারে।

তিনি আরও বলেন, এই রোগ হলে রক্তক্ষরণ, পেটে প্রচণ্ড ব্যথা ও শ্বাসকষ্ট দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে। আর কখনই এসপিরিন ও ব্যথানাশক ট্যাবলেট খাওয়া যাবে না।

ডেঙ্গুর উপসর্গ

এই জ্বরের বিশেষ কোনো উপসর্গ নেই। জ্বর, মাথাব্যথা, চোখের কোঠরে ব্যথা, মাংসপেশি ও শিরায় ব্যথা এবং শরীরের বিভিন্ন স্থানে লাল দানা বা র্যাযশ ওঠা ক্লাসিক্যাল ডেঙ্গুজ্বরের লক্ষণ।

প্রতিরোধে যা করবেন

দিনে ঘুমানোর সময় মশারি ব্যবহার বা রিপিলেন্ট স্প্রে ব্যবহার করতে হবে।

চিকিৎসা

পূর্ণ বিশ্রাম ও জ্বর থাকলে দিনে সর্বোচ্চ চারটি প্যারাসিটামল ট্যাবলেট খেতে হবে। এ ছাড়া বেশি করে পানি ও পানীয় এবং স্বাভাবিক খাবার খেতে হবে। জ্বর ভালো হলে তিন দিন প্লাটিলেট কাউন্ট ও হেমাটাক্রিট করিয়ে চিকিৎসকে দেখাতে হবে।

‘হামি কি এতই ফকির হয়া গেছি, টাকা হামি ফেরায় দিব’

‘হামি কি এতই ফকির হয়া গেছি যে হামার অনন্ত জলিলের টাকা দিয়া চলতি লাগবে? হামি তার সিনেমায় কাজ করব না, তার টাকা হামি ফেরায় দিব, হামাকে তো টাকার কথা কয়া অপমান করবার পারবার নাই।’ কথাগুলো বলছিলেন সোশ্যাল মিডিয়ার মাধ্যমে জনপ্রিয়তা পাওয়া আশরাফুল আলম ওরফে হিরো আলম।

অনন্ত জলিল ক’দিন আগেই ঢাকঢোল পিটিয়ে ঘোষণা দিলেন, হিরো আলমকে তার ছবিতে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে নিয়েছেন। বিষয়টি বেশ আলোচনার জন্ম দেয়। এছাড়া চলচ্চিত্র সমিতিতে অনন্ত জলিল যেদিন পাঁচ লাখ টাকা দেন, সেদিনও নতুন লুকে দেখা যায় হিরো আলমকে। কিন্তু গতকাল বৃহস্পতিবার হিরো আলমকে ফোন দিয়ে জানিয়ে দিলেন-তিনি তার ছবি থেকে বাদ।

এ বিষয়ে অনন্ত জলিল তার ফেসবুকে লিখেছেন, ‘আমি হিরো আলমকে নিয়ে কোনো সিনেমা বানাব না এবং ৫০ হাজার টাকা সাইনিং মানি ফেরত নেব না! বেশির ভাগ বিনোদন সাংবাদিক এবং চলচ্চিত্র পরিবারের সব গুণীজন হিরো আলমকে নিয়ে সিনেমা না বানানোর জন্য আপত্তি জানাচ্ছেন। এবং রিসেন্টলি তার কিছু অশ্লীল ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে সবাই আবারও আমাকে নিষেধ করেছেন তাকে নিয়ে সিনেমা না বানানোর।’

তবে হিরো আলম দাবি করেন, তাকে নিয়ে বিতর্কের বিষয়ে মাথা ঘামান না। এসব মাথায় রেখেই তিনি আলমকে চলচ্চিত্রে নিয়েছেন। আজ হুট করে কেন এমন সিদ্ধান্ত নিয়েছেন? ফেসবুকে হিরো আলম বিষয়টিকে ‘ষড়যন্ত্রের শিকার’ বলে উল্লেখ করেন। এছাড়া অনন্ত জলিলকে উদ্দেশ্য করে হিরো আলম ফেসবুক লাইভে বলেন, আমাকে শুধু ব্যবহার করাই হয়েছে। তবে এসব নিয়ে মাথা ঘামাই না। হামি নিজের প্রযোজনায় ছবি বানাব, সেটা যত ছোটই হোক, আপনারা আমার পাশে থাকলে হামি পারমো।

সূত্র- বিডি-প্রতিদিন

দামুড়হুদায় সি আর সাজাপ্রাপ্ত পলাতক আসামী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা থানা পুলিশের অভিযানে ০৬ মাসের সিআর সাজাপ্রাপ্ত পলাতক আসামি আব্দুল হান্নান আলীকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুর ১ টার দিকে আটক করা হয়। আটককৃত আব্দুল হান্নান দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুর গ্রামের নসকর শেখের ছেলে।

থানা পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এএস আই মো: বিল্লাল হোসেন, এএস আই মো: মুজিবর রহমান, সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে কুতুবপুর গ্রামে নিজ বসত বাড়ীতে অভিযান চালিয়ে আটক করা হয়।

আটককৃত আব্দুল হান্নান আলীর দামুড়হুদা থানায় ১টি মামলায় আদালত তাকে ০৬ মাসের কারাদণ্ড দেন। এরপর থেকে আব্দুল হান্নান পলাতক ছিলেন।

দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল আজ দুপুর ১ টার দিকে গোপনে নিজ বাড়িতে অভিযান চালিয়ে আটক করেছেন বলে জানান পুলিশ।

বড়বলদিয়ায় বিজিবির মাদক বিরোধী অভিযান: ১০ কেজি

গাঁজা উদ্ধার

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১০ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করতে সক্ষম হয়েছে।

উদ্ধারকৃত গাঁজা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসে জমা করা হয়েছে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন পরিচালক অধিনায়ক মোহাম্মদ খালেকুজ্জামান (পিএসসি) গতকাল বুধবার রাত ১১ টার দিকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গতকাল বুধবার বিকেল ৫ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনস্থ দর্শনা বিওপির বিশেষ টহল কমান্ডার নায়েক জুলহাস উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তবর্তী

বড়বলদিয়া গ্রামের মাঠে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১০ কেজি ভারতীয় গাঁজা আটক করতে সক্ষম হন। তবে এ ঘটনায় কোন চোরাচালানকারীকে আটক করা সম্ভব হয়নি।

কার্পাসডাঙ্গা পুলিশক্যাম্প ইনচার্জের উদ্যোগে মাস্ক বিতরণ

“বাড়ির বাইরে বের হলে অবশ্যই মাস্ক ব্যবহার করি” এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা দামুড়হুদার কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই মেজবাহুর রহমান শতাধিক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেন।

গতকাল বেলা সাড়ে ১১ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ মোড় ও পুলিল ক্যাম্প মোড়ে ভ্যান, পাখিভ্যান, আটো চালক, অটোর যাত্রী

ও রাস্তায় চলাচলরত সাধারণ মানুষের মুখে মাস্ক পরিয়ে দেন।

দীর্ঘ লকডাউনের পর সরকার লকডাউন উঠিয়ে নিলে ও প্রশাসনের নজরদারি শিথিল হলে সাধারণ জনতা আর করোনাভাইরাসকে কিছুই মনে করছেনা। সড়কে যানবাহন চলাচল ও বাজারের দোকান খোলা থাকায় স্বাভাবিক হয়ে পড়ছে মানুষের জীবনযাত্রা।

সরকার স্বাস্থ্যবিধি মেনে চলা ও বাড়ির বাইরে বের হলে মুখে মাস্ক পরার কথা প্রচার করলেও কেউ মানছে না এ আচরণবিধি। দেশে করোনাভাইরাসে আক্রান্তের হার বাড়লেও মুখে মাস্ক পরতে অনিহা মানুষের। রাস্তায় চলাচলরত ৯৫% ভাগ মানুষেরই মাস্ক নেই।

সাধারণ মানুষকে সচেতন করতে কার্পাসডাঙ্গা পুলিশক্যাম্প ইনচার্জ নিজের টাকাই মাস্ক কিনে মানুষের মাঝে বিতরণ করেন এবং সবাইবে মাস্ক ব্যবহার করতে অনুরোধ করেন।

মেহেরপুরে নতুন করে মা-মেয়ে সহ ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তের মধ্যে ৩ জন মেহেরপুর সদরে ও ২ জন মুজিবনগর উপজেলার। এর মধ্যে একই পরিবারের দুই জন তারা হলেন মা ও মেয়ে।

বিভিন্ন সূত্রে পাওয়া পজেটিভদের পরিচয় হলো মেহেরপুর ডাচ বাংলা ব্যাংকের ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন(৩৯) ও দুই স্টাফ মুকুল উদ্দিন (৩৪) ও আজিম আলী (২৮)।

এ দিকে মুজিবনগর উপজেলার আক্রান্ত দু জন হলেন একই পরিবারের মা ও মেয়ে। তারা হলেন মুজিবনগরের পুরন্দরপুর গ্রামের সাবিনা ইয়াসমিন
(২৫) ও তার মেয়ে আনিকা (০৪)।

এ নিয়ে জেলায় ১২০ (সদর- ৬৪, গাংনী -৪৩, মুজিবনগর -১৩) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৫ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ বৃহস্পতিবার নমুনা পাঠানো হয়েছে ১৭টি (সদর+হসপিটাল ১৫ মুজিবনগর ০২) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে, আজ ৩৩ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৫টি পজিটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১৫৪টি।

গাংনীতে সিআইজি গ্রুপের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ

মেহেরপুরের গাংনীতে সরকারের ন্যাশনাল এগ্রিকালচারাল প্রোগ্রাম ফেজ । (এনএটিপি-২) এর আওতায় এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ প্রকল্প থেকে সিআইজি গ্রুপের মাঝে কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার) বিতরণ হয়েছে।

আজ বিকাল সাড়ে ৪ টার দিকে কৃষি অফিসের সামনে থেকে এ কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার) গুলো বিতরণ করা হয়।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, উপজেলা নিবার্হী কর্মকর্তা আরএম সেলিম শাহনেওয়াজ। কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার) গুলো ৫ টি পুরুষ ও ১ টি মহিলা সিআইজি’র মাঝে বিতরণ করা হয়।

প্রত্যেকটি পাওয়ার ট্রিলার ১ লক্ষ ২৭ হাজার টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে। মোট মূল্যের ৭০ ভাগ অর্থাৎ ৮৮ হাজার ৯ শ’ টাকা সরকার ভর্তুকি দিয়েছে এবং সিআইজি গ্রুপের সদস্যরা কেবলমাত্র ৩০ ভাগ অর্থাৎ ৩৮ হাজার ১শ’ টাকা জমা দিয়েই পাওয়ার ট্রিলারের মালিক হতে পারছেন।

সিআইজি গ্রুপগুলো হলো: গাড়াবাড়িয়া, মটমুড়া ক্লাব পাড়া, কুমারীডাঙ্গা, চেংগাড়া ও হিন্দা পুরুষই সিআইজি এবং গাড়াডোব মিলপাড়া মহিলা সিআইজি।

[redacted]

[redacted]